CAREERS360

# WEST BENGAL MADHYAMIK BENGALI 2nd LANGUAGE SAMPLE PAPER

QUESTION PAPER SAMPLE PAPER MODEL PAPER MODEL QUESTIIONS ANSWER KEY ANSWER CODES SOLUTIONS RESPONSE SHEET MOCK TEST PAPERS SOLVED QUESTIONS TESTING PATTERN NEGATIVE MARKING MARKING SCHEME EXAM PATTERN PAPER PATTERN MODEL TEST PAPERS MODEL TEST QUESTIONS ANSWER KEY WITH SOLUTIONS SOLVED PAPERS SOLVED QUESTIONS QUESTION PAPER SAMPLE PAPER MODEL PAPER MODEL QUESTIIONS ANSWER KEY ANSWER CODES SOLUTIONS RESPONSE SHEET MOCK TEST

# পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

দ্বিভাজিত পাঠক্রম অনুসারে দশম শ্রেণির

অভীক্ষা ও নির্বাচনী পরীক্ষার নমুনা প্রশ্নাবলি

## দ্বিতীয় ভাষা

# বাংলা (দ্বিতীয় ভাষা)

## প্রথম একক অভীক্ষা

**সময় : ১ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান : ৪০**

১. উত্তর লেখো (একটি) : ৯

(ক) "ঐ সকল ক্ষতের চিহ্ন মৃত্যুকাল পর্যন্ত তাঁহার শরীরে স্পষ্ট প্রতীয়মান হইত" — কার কথা বলা হয়েছে? কোন্ ঘটনার প্রেক্ষিতে ঐ ক্ষতের চিহ্ন আমৃত্যু তাঁকে বহন করতে হয়েছিল তার বিবরণ দাও। ১+৮

(খ) "তর্কভূষণ মহাশয় অতিশয় বলবান, নিরতিশয় সাহসী এবং সর্বতোভাবে অকুতোভয় পুরুষ ছিলেন।"
তর্কভূষণ মহাশয়ের চরিত্রের এই বৈশিষ্ট্যগুলির উদাহরণ লেখক যেভাবে দিয়েছেন তা নিজের ভাষায় লেখো। ৩+৩+৩

(গ) 'রামজয় তর্কভূষণ' প্রবন্ধ অবলম্বনে রামজয় তর্কভূষণ মহাশয়ের চরিত্রের সামগ্রিক বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ৯

২. উত্তর লেখো (একটি) : ৪

(ক) "এ গ্রামে একটাও মানুষ নাই, সকলেই গরু" — এরকম উক্তির কারণ বুঝিয়ে দাও। ৪

(খ) রামজয় তর্কভূষণ মহাশয়ের চির সহচর কে ছিল? তাঁর অসাধারণ বল ও সাহসের পরিচয় দাও। ১+৩

(গ) রামজয় তর্কভূষণ কত বছর তীর্থ পর্যটনে অতিবাহিত করেছিলেন? যে যে তীর্থে তিনি গিয়েছিলেন সেগুলির নাম লেখো। ১+৩

৩. উত্তর লেখো (একটি) : ৮

(ক) 'প্রভাত উৎসব' কবির হৃদয়ের দ্বার খুলে যাওয়ার কবিতা — আলোচনা করো। ৮

(খ) 'প্রভাত উৎসব' কবিতায় কবির বিশ্বময় উপলব্ধি কীভাবে প্রকাশ পেয়েছে আলোচনা করো। ৮

(গ) 'পুলকে পূরে প্রাণ, শিহরে কলেবর' — এই পুলক ও শিহরনের কারণ বুঝিয়ে দাও। ৮

৪. উত্তর লেখো (একটি) : ৪

(ক) 'সখীরা এল ছুটে' — সখীরা ছুটে এসে কী করল? ৪

(খ) 'শিশুরে লয়ে কোলে' — শিশুকে কোলে নিয়ে কে কী আচরণ করতে লাগল? ১+৩

(গ) 'ঘুমের শিয়রেতে জাগিয়া থাকে যারা' — কার 'ঘুমের শিয়রেতে' কারা জেগে থাকে? ১+৩

৫. চলিত বাংলায় অনুবাদ করো : ৯

Long, Long ago a man named Ugo lived in Italy. He could tell the future by studying the stars. Many of his forecasts proved to be correct and he became very famous all over Italy. All the local princes used to seek his advice and sometimes people came from a great distance to see him.

৬. গঠনের দিক থেকে বাক্যগুলি কী ধরনের উত্তর দাও (তিনটি) : ৩

(ক) গ্রাম উজাড় হয়ে যাচ্ছে

(খ) মুন্ডাদের দলে লড়েছিল মেয়েরা

(গ) এক-একটি ছেলেকে নাও এবং গাছের সঙ্গে বাঁধো

(ঘ) আমরা ছোটোলোক হতে পারি, তাহলে কাজে ইস্তফা দেব

(ঙ) তাঁর যে একান্ত ইচ্ছা, তা শেষ পর্যন্ত মঞ্জুর হল

৭. অর্থের দিক থেকে বাক্যগুলি কী ধরনের লেখো (তিনটি) : ৩

(ক) বিপ্লবীদের কাজ শেষ

(খ) আপনি বাড়িতে ছিলেন না

(গ) এ কী ব্যবহার তোমার?

(ঘ) তুমিই খাও ওকে

(ঙ) সুখী হও

## দ্বিতীয় একক অভীক্ষা

**সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৫০ (লিখিত)**

১. উত্তর লেখো (একটি) : ১২

(ক) ‘একজন ফরাসী ডাক্তার ভারতবর্ষে বেড়াইতে আসেন’ — ঐ ডাক্তারের নাম কী? তিনি কত সালে ‘বাঙ্গালায়’ এসেছিলেন? তিনি এসে কী দেখেছিলেন? ১+১+১০

(খ) ‘তুমি ত শুদ্ধ চারণী নও।’ — কার কথা কে বলেছেন? যাঁর সম্বন্ধে একথা বলা হয়েছে তাঁর চরিত্রের পরিচয় দাও। ২+১০

(গ) ‘দাদামহাশয়ের সে খাতায়’ — কোন্ খাতার কথা বলা হয়েছে? সেখানে কত বছর আগের বাজারদরের কথা বলা হয়েছে? সেই খাতায় বাজারদরের কী হিসাব পাওয়া যায়? ১+১+১০

২. উত্তর লেখো (একটি) : ৬

(ক) ‘যুদ্ধের জন্য প্রস্তুত হও। সৈন্য সাজাও।’ কে কোন্ প্রসঙ্গে বলেছিলেন? ১+৫

(খ) ‘এখন আমাদের দেশের সে সম্পদের কথা স্বপ্ন বলিয়া মনে হয়’ — কোন্ সম্পদের কথা লেখক বলেছেন? ৬

(গ) ‘তিনি তাঁহার নিজের দেশের রাজার নিকট চিঠি লিখিয়া এখানকার বাজার দর জানাইয়াছিলেন?’ — তিনি কে? তিনি এখানকার বাজারদর সম্পর্কে কী জানিয়েছিলেন? ১+৫

৩. উত্তর লেখো (একটি) : ১২

(ক) ‘বংশগৌরব’ কবিতাটির বিষয়বস্তু সংক্ষেপে উল্লেখ করে এর নামকরণের সার্থকতা বিচার করো। ৬+৬

(খ) ‘বালক বীরের এই যে কাহিনী এখনো চারণে গায়’ — কেন গায়? কোন্ কাহিনির কথা বলা হয়েছে? ৪+৮

(গ) ‘মুগ্ধ জগৎ, মৌন দিবা, সংজ্ঞাহারা রাত’ — এই উক্তির মধ্য দিয়ে কবি বর্ষাপ্রকৃতির যে চিত্র অঙ্কন করেছেন তার পরিচয় দাও। ১২

৪. উত্তর লেখো (একটি) : ৬

(ক) ‘এ যে আকুল করা রূপ’ — কে বলেছে? কেন একথা বলা হয়েছে? ১+৫

(খ) ‘যাও সিংহ-শাবক’ —‘সিংহ-শাবক’ কে? তাকে কেন সিংহ-শাবক বলা হয়েছে? ১+৫

(গ) ‘বুকের ভেতর রক্তধারা নাচিয়ে দিয়ে যায়’ — কার সম্বন্ধে এ উক্তি? সে কীভাবে রক্তধারা নাচায়? ১+৫

৫. প্রবন্ধ রচনা করো (একটি) : ১০

(ক) একটি গ্রাম্য মেলা

(খ) বিজ্ঞান ও কুসংস্কার

(গ) বাংলার ঋতু

(ঘ) সমাজের প্রতি ছাত্রদের কর্তব্য

৬. চলিত ভাষায় রূপান্তর করো : ৪

লালুর কণ্ঠস্বর আমাদের কানে পৌঁছিল। নিজেদের নির্বুদ্ধিতায় অত্যন্ত লজ্জা পাইয়া সকলে ফিরিয়া আসিলাম। গোপাল খুড়া শীতে কাঁপিতে কাঁপিতে ডাঙ্গায় উঠিলেন।

### নির্বাচনী পরীক্ষা

উভয় পরীক্ষাই দশম শ্রেণির নির্ধারিত পাঠ্যসূচি ও পর্ষদ-কর্তৃক প্রকাশিতব্য পূর্ণাঙ্গ নমুনা প্রশ্নপত্রের কাঠামো ও নম্বর বিভাজন অনুসারে হবে।

## দ্বিতীয় ভাষা : বাংলা

### লিখিত পরীক্ষার প্রশ্নপত্রের কাঠামো ও নম্বর বিভাজন সংক্রান্ত নির্দেশিকা

### দশম শ্রেণি

১. লিখিত পরীক্ষার পূর্ণমান ৯০, সময়সীমা ৩ ঘণ্টা ১৫ মিনিট। এর মধ্যে প্রথম ১৫ মিনিট প্রশ্নপত্র পড়ার জন্য, বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য। প্রশ্নপত্রে পূর্ণমান ও সময়সীমা সম্পর্কে এই নির্দেশিকা উল্লেখ করতে হবে।

২. প্রশ্নপত্রে দশম শ্রেণির জন্য *পাঠমালিকা*-র নির্বাচিত গদ্যাংশ ও পদ্যাংশ থেকে প্রশ্ন থাকে। প্রশ্নের ধরন ও নম্বর বিভাজন নবম শ্রেণির অনুরূপ।

৩. নির্মিতি : ৩.১ ইংরেজি থেকে চলিত বাংলায় অনুবাদ। পূর্ণমান ১০।
৩.২ প্রবন্ধ চলিত বাংলায় কমবেশি ৩০০ শব্দের মধ্যে লিখতে হবে। পূর্ণমান ২০।

৪. ব্যাকরণ : ব্যাকরণের প্রশ্ন নির্ণয়মূলক ও প্রয়োগমূলক হবে।
   ৪.১ বাক্যপ্রয়োগ থেকে ব্যাকরণগত বৈশিষ্ট্য নির্ণয় ; সংজ্ঞানাম থেকে প্রয়োগ এবং বাক্যের এক শ্রেণি থেকে অন্য শ্রেণিতে রূপান্তর নিয়ে প্রশ্ন। পূর্ণমান ৬।
   ৪.২ সাধু ও চলিত : পারস্পরিক রূপান্তরের বিকল্পমূলক প্রশ্ন। পূর্ণমান ৪।

# নির্বাচনী পরীক্ষা

**সময় : ৩ ঘণ্টা ১৫ মিনিট** **নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান : ৯০**

**বহিরাগত এবং কম্পার্টমেন্টাল ও**

**কন্টিনিউয়িং পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান — ১০০**

**[প্রশ্নপত্র পড়ার জন্য ১৫ মিনিট এবং উত্তর লেখার জন্য তিন ঘণ্টা]**

১। উত্তর লেখো (দুটি) : ১০×২=২০

(ক) "আমি রানার ঘুম ভাঙাতে এলাম।" — কে কাকে বলেছেন? রানার ঘুমিয়ে থাকার কারণ কী? তিনি কীভাবে জেগে উঠেছিলেন লেখো। ২+৪+৪=১০

(খ) "একুশ বৎসর বয়সে তিনি একাকী মেদিনীপুর যাইতেছিলেন" — কার কথা বলা হয়েছে? এই যাত্রাপথে কী ঘটনা ঘটেছিল তার বর্ণনা দাও। এই ঘটনার মধ্য দিয়ে উদ্দিষ্ট ব্যক্তির চারিত্রিক বৈশিষ্ট্যের কী পরিচয় পাওয়া যায় আলোচনা করো। ১+৫+৪=১০

(গ) "এক পর্তুগীজ ভদ্রলোক বাংলাদেশে আসিয়াছিলেন" — কত সালে তিনি এদেশে আসেন? তাঁর নাম কী? তিনি সেকালের বাজারদর সম্বন্ধে যা জানিয়েছিলেন তার পরিচয় দাও। ১+১+৮=১০

২. উত্তর লেখো (দুটি) : ১০×২=২০

(ক) "বংশধরেরা পূজে তরবারি — ভাবে সে শ্রেষ্ঠ ধন" — কার বংশধরদের কথা বলা হয়েছে? 'তরবারি' কেন পুজো করা হয়? এই তরবারিকে 'শ্রেষ্ঠ ধন' ভাবার পেছনে যে কাহিনি আছে তার পরিচয় দাও। ১+২+৭=১০

(খ) 'প্রভাত উৎসব' রবীন্দ্রনাথের হৃদয়-উৎসারণের কবিতা — আলোচনা করো। ১০

(গ) "এ যে আকুলকরা রূপ" — এখানে কার রূপের কথা বলা হয়েছে? তার রূপের বর্ণনা দাও। ১+৯=১০

৩. উত্তর দাও (একটি) : ৫

(ক) ফ্রান্সোয়া বর্ণিয়ে সম্বন্ধে যা জান লেখো। ৫

(খ) "তুমি ত শুদ্ধ চারণী নও" — একথা কে বলেছেন? কেন একথা বলা হয়েছে? ১+৪=৫

৪. উত্তর দাও (একটি) : ৫

(ক) "প্রেমের ডাক শুনি এসেছে চরাচর" — একথা বলার কারণ বুঝিয়ে দাও। ৫

(খ) "মুগ্ধ জগৎ, মৌন দিবা, সংজ্ঞাহারা রাত" — কবি কেন একথা বলেছেন সংক্ষেপে আলোচনা করো। ৫

৫. বাক্য পরিবর্তন করো (পাঁচটি) : ৫

(ক) আপনার উপহার দেওয়া বইটি খুঁজে পাচ্ছি না। (জটিল বাক্যে)

(খ) উন্নতি করতে হলে পরিশ্রমী হও। (যৌগিক বাক্যে)

(গ) আমি যাব মাস্টারদা। (নাস্ত্যর্থক বাক্যে)

(ঘ) এখন আর কিছুই নাই। (অস্ত্যর্থক বাক্যে)

(ঙ) নিজেদেরও হিত করি না। (প্রশ্নবোধক বাক্যে)

(চ) আমি যাব কী করে? (নির্দেশমূলক বাক্যে)

(ছ) রঙ তার কালো অথচ দেখতে সুপুরুষ। (সরল বাক্যে)

৬. চলিত ভাষায় রূপান্তর করো : ৫

পূর্বে এখানে নরবলি হইত — সম্মুখের বড় পাথরখানিই যূপ-রূপে ব্যবহৃত হইত। এখন পায়রা ও মুরগী বলি প্রদত্ত হয়।

৭. চলিত বাংলায় অনুবাদ করো : ১০

It was the middle of summer and the fields were full of golden corn. There was not a drop of rain for many days. The mother duck sat on her eggs all day long. She could not come out and swim in the river.

৮. প্রবন্ধ রচনা করো (একটি) : ২০

(ক) জাতীয় সংহতি

(খ) একজন মহাপুরুষের জীবনী

(গ) প্রতিদিনের জীবনে বিজ্ঞান

(ঘ) বনসৃজন ও সংরক্ষণ

(কেবল বহিরাগত এবং কম্পার্টমেন্টাল ও কন্টিনিউয়িং পরীক্ষার্থীদের জন্য)

৯. (ক) চারণী সত্যবতী-চরিত্রের অসাধারণত্ব কোথায় বুঝিয়ে দাও। ৫

*অথবা,*

'বংশগৌরব' কবিতার বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'বর্ষা' কবিতাটি অনুসরণে বর্ষা-প্রকৃতির রূপের পরিচয় দাও। ৫

*অথবা,*

'এখন আমাদের দেশের যে সম্পদের কথা স্বপ্ন বলিয়া মনে হয়' — লেখক কোন্ সম্পদের কথা বলেছেন?